

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৬০]

১০/ আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ ৫৫২. শিশুদের উযূ করা, কখন তাদের উপর গোসল ও পবিত্রতা অর্জন ওয়াজিব হয় এবং সালাতের জামা'আতে, দু'ঈদে এবং জানাযায় তাদের হাযির হওয়া এবং কাতারবন্দী হওয়া ।

باب وُضُوءِ الصِّبْيَانِ وَمَتَى يَجِبُ عَلَيْهِمُ الْغَسْلُ وَالطُّهُورُ وَحُضُورِهِمِ الْجَمَاعَةَ وَالْعِيدَيْنِ وَالْجَنَائِزَ وَصُفُوهِمِ الْجَمَاعَةَ وَالْعِيدَيْنِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ حَدَّثَنِي مَالِكُ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَة، عَنْ أَنَسِ بْنِ مَالِكُ، أَنَّ جَدَّتَهُ، مُلَيْكَةَ دَعَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لِطَعَامٍ صَنَعَتْهُ، فَأَكَلَ مَنْهُ فَقَالَ " قُومُوا فَلأُصلِّيَ بِكُمْ ". فَقُمْتُ إِلَى حَصِيرٍ لَنَا قَدِ اسْوَدَّ مِنْ طُولِ مَا لُبِسَ، فَنَضَحْتُهُ بِمَاءٍ فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَالْيَتِيمُ مَعِي، وَالْعَجُونُ مِنْ وَرَائِنَا، فَصَلَلَى بِنَا رَكْعَتَيْنِ.

বাংলা

৮১৮। ইসমায়ীল (রহঃ) ... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত, ইসহাক (রহঃ) এর দাদী মুলাইকা (রাঃ) খাদ্য তৈরী করে রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে দাওয়াত করলেন। তিনি তার তৈরী খাবার খেলেন। এরপর তিনি বললেনঃ তোমরা উঠে দাঁড়াও, আমি তোমাদের নিয়ে সালাত (নামায/নামাজ) আদায় করব। আনাস (রাঃ) বলেন, আমি একটি চাটাইয়ে দাঁড়ালাম যা অধিক ব্যবহারের কারনে কালো হয়ে গিয়েছিল। আমি এতে পানি ছিটিয়ে দিলাম। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়ালেন, আমার সঙ্গে একটি ইয়াতীম বাচ্চাও দাঁড়াল এবং বৃদ্ধা আমাদের পিছনে দাঁড়ালেন। আমাদের নিয়ে তিনি দু' রাকায়াত সালাত (নামায/নামাজ) আদায় করলেন।

English

Narrated Anas bin Malik:

My grandmother Mulaika invited Allah's Messenger (s) for a meal which she had prepared specially for him. He ate some of it and said, "Get up. I shall



lead you in the prayer." I brought a mat that had become black owing to excessive use and I sprinkled water on it. Allah's Messenger (s) stood on it and prayed two rak`at; and the orphan was with me (in the first row), and the old lady stood behind us.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন